

বারোয়ারী ও জাতীয় বির্তক প্রতিযোগিতায় জগন্নাথ বিশ্ববিদ্যালয় ডিবেটিং
সোসাইটির সাফলতা অর্জন



গত ৯ ডিসেম্বর-২০২১, রেডিও স্বাধীন ৯২.৪ কর্তৃক আয়োজিত বারোয়ারী বির্তক প্রতিযোগিতায় জগন্নাথ বিশ্ববিদ্যালয় ডিবেটিং সোসাইটির একটি দল অংশগ্রহণ করে। প্রতিযোগিতায় চূড়ান্ত পর্বে নাট্যকলা বিভাগের শিক্ষার্থী জেরিন চাকমা বাবলু সকল প্রতিযোগীকে পেছনে ফেলে চ্যাম্পিয়ন হওয়ার গৌরব অর্জন করে।

এছাড়াও বাংলাদেশ টেলিভিশন কর্তৃক আয়োজিত "জাতীয় টেলিভিশন বির্তক প্রতিযোগিতায়-২০২২" এর প্রথম পর্বে স্যার সলিমুল্লাহ মেডিকেল কলেজকে পরাজিত করে জগন্নাথ বিশ্ববিদ্যালয় ডিবেটিং সোসাইটির 'মুক্তিযুদ্ধের প্রস্তুতি দল' বিজয় অর্জন করে।

এ উপলক্ষে ২৬ ডিসেম্বর-২০২১, রবিবার জগন্নাথ বিশ্ববিদ্যালয় ডিবেটিং সোসাইটির সদস্যবৃন্দ উপাচার্য অধ্যাপক ড. মো. ইমদাদুল হক-এর সাথে তাঁর কার্যালয়ে সৌজন্য সাক্ষাৎ করেন।

এসময় ট্রেজারার অধ্যাপক ড. কামালউদ্দীন আহমদ, ছাত্র-কল্যাণ পরিচালক অধ্যাপক ড. মোঃ আইনুল ইসলাম, ডিবেটিং সোসাইটি মডারেটর মোঃ মেফতাহুল হাসান ও ডিবেটিং সোসাইটির সদস্যবৃন্দ উপস্থিত ছিলেন।